সমকাল

তারিখ 09 NOV 2016
পৃষ্ঠা ৪ কলাম ১

### ব্রিফিংয়ে সংসদীয় কমিটির সভাপতি

# প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের কাজে গতি নেই

■ সমকাল প্রতিবেদক

মন্ত্রণালয়ের কাজে গতি নেই বলে অভিযোগ তুলেছেন প্রাথমিক ও গণশিক্ষা সম্পর্কিত সংসদীয় কমিটির সভাপতি মোতাহার হোসেন। কমিটির সদস্যদের মধ্যে বৈঠকের পর গতকাল মঙ্গলবার জাতীয় সংসদ ভবনের মিডিয়া সেন্টারে এক সংবাদ ব্রিফিংয়ে তিনি বলেন, মন্ত্রণালয়ের কাজে গতি আনতে হলে সংসদীয় কমিটির সুপারিশ বাস্তবায়ন করতে হবে। কিন্তু দশম সংসদে কমিটির ১০৫টি সুপারিশের মধ্যে ৭৪টি এখনও বাস্তবায়ন হয়নি। মোতাহার হোসেন জানান, সংসদীয় কমিটি গতকাল পর্যন্ত ৩০টি বৈঠক করেছে। এ পর্যন্ত মাত্র ২৭টি সুপারিশ বাস্তবায়ন এবং চারটি বাস্তবায়নাধীন আছে।

প্রেস ব্রিফিংয়ে মোতাহার হোসেন জানান, শিক্ষার মান বাড়াতে প্রাথমিক ও গণশিক্ষা বোর্ড গঠনের সুপারিশ করেছে সংসদীয় কমিটি। বৈঠকে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের কাজে গতি না থাকায় জাতীয় শিক্ষানীতি বাস্তবায়ন সম্ভব হচ্ছে না বলে সংসদীয় কমিটি মত দিয়েছে। তারা শিক্ষার মান বাড়াতে মন্ত্রণালয়কে তাদের কাজে গতিশীল হওয়ার সুপারিশ করেছে।

তিনি বলেন, সংসদীয় কমিটি শিক্ষার উন্নয়নে প্রাথমিক ও গণশিক্ষার জন্য স্বতন্ত্র বোর্ড গঠন ও শিক্ষাক্রম তৈরির সুপারিশ করেছে। এই শিক্ষাক্রমের বই ছাপার জন্য নিজস্ব ছাপাখানা স্থাপনের উদ্যোগ নিতে বলেছে।